

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - কাবীরাহ্ (কবিরাহ) গুনাহ ও মুনাফিকীর নিদর্শন

بَابُ الْكِبَائِرِ وَعَلَامَاتِ النِّفَاقِ - الفصل الأول

আরবী

وَعَنْ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَثَلُ الْمُنَافِقِ كَمَثَلِ الشَّاةِ الْعَائِرَةِ بَيْنَ الْغُثَمَيْنِ تَعِيرُ إِلَى هَذِهِ مَرَّةً وَإِلَى هَذِهِ مَرَّةً». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৫৭-[৯] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুনাফিকের দৃষ্টান্ত সে বকরীর ন্যায়, যে দুই ছাগপালের মধ্যে থেকে (নরের খোঁজে) একবার এ পালে ঝুঁকে আর একবার ঐ পালের দিকে দৌড়ায়। (মুসলিম)[১]

English

Chapter: Major Sins and the Signs of Hypocrisy - Section 1

Ibn 'Umar reported God's messenger as saying, "The hypocrite is like a ewe which goes to and fro between two flocks, turning at one time to the one and at another time to the other."

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৭৮৪, নাসায়ী ৫০৩৭, আহমাদ ৫০৭৯, সহীহ আল জামি' ৫৮৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الشَّاةِ الْعَائِرَةِ) এমন ছাগলকে বলা হয় যে পাঁঠা চায় ফলে তা দু'টি পালের মাঝে দৌড়াদৌড়ি করে। কোন একটি দলের সাথে স্থায়ীভাবে থাকে না। তদ্রূপ মুনাফিক বাহ্যিকরূপে মু'মিনের সঙ্গী অথচ তার অন্তর মুশরিকের

সাথে। সে এমনটি করে তার প্রবৃত্তির তাড়নায় ও অসৎ উদ্দেশ্যে এবং তার প্রবৃত্তি যা চায় তার দিকে ঝুঁকে পড়ার কারণে। ফলে সে দুই পাল ছাগলের মাঝে যাতায়াতকারী ছাগলের মতই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54615>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন